গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারেরর কার্যালয়
ছাতক, সুনামগঞ্জ।
www.chhatak.sunamganj.gov.bd

স্মারকনং-০৫.৬০.৯০২৩.০০০.০৬.০২৯.২২- ২৭

০১ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ ঃ --------------------
১৫/০১/২০২৩ খ্রি.

## সরকারী জলমহাল নীতি-২০০৯ এর আলোকে অনূর্ধ্ব- ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষে অনলাইনে আবেদন আহবান বিজ্ঞপ্তি নং-০১/১৪৩০-৩২

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্যজীবি সংগঠন/সমাজসেবা অধিদপ্তরের প্রকৃত মৎস্যজীবী (যদি থাকে) সংগঠণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত (২০.০০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল) জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪৩০-১৪৩২ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের ১৮/১২/২০২২খ্রি তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৪৮ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক নিম্লোক্ত শর্তে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। এই বিজ্ঞপ্তিতে প্রচারিত কোন জলমহালের উপর বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ আরোপিত হয়ে থাকলে অত্র বিজ্ঞপ্তি সেক্ষেত্রে প্রযোজ্য হবে না।

**আবেদন ফরম ক্রয় ও দাখিলঃ** জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্লোক্ত তারিখ অনুযায়ী www.minland.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে অনলাইনে আবেদন পত্র দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি (যাবতীয় কাগজাদিসহ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ছাতক এ দাখিল করা যাবে।

### -ঃ সময় সূচী ঃ-

| ক্রমিক নং | অনলাইনে আবেদপত্র দাখিলের তারিখ | অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামনতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমাদানের তারিখ |
|---|---|---|
| ০১ | ২০/০১/২০২৩ হতে ০৮/০২/২০২৩ খ্রি. পর্যন্ত | ০৯/০২/২০২৩ হতে ১৩/০২/২০২৩ খ্রি. পর্যন্ত |

### ১৪৩০-১৪৩২ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ

| ক্র. নং | জলমহালের নাম | মৌজা | পরিমাণ (একর) | সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | উলারবাক | শক্তিয়ারগাঁও, হায়দরপুর, গোপালপুর, শ্রীমতিপুর | ১৫.৮০ | ৩,৬৪৮/- | |
| ০২ | একাসুন্দা | উত্তর কুর্শী | ৩.৭৫ | ৩৯,৫৬৬/- | |
| ০৩ | কুড়িয়া মাগুড়া | রাজারগাঁও | ১০.৬৮ | ৩৪,৪৬১/- | |
| ০৪ | কাজির খাল | বাহাদুরপুর | ৯.৫৭ | -- | |
| ০৫ | কাকের বিল বাকইয়া | হায়দরপুর | ৭.১৫ | ১,০৯,৭৬১/- | |
| ০৬ | কালাসুন্দা | জালিয়া | ১৮.৮০ | ১১,৯১৩/- | |
| ০৭ | কালিনাগা ডুবি | বড়াটুকা | ৯.২৩ | ৫,৭৪৫/- | |
| ০৮ | কৈতক নদীর ডহর | কৈতক, সতীশ | ৫.৮৩ | ৪,৭১৬/- | |
| ০৯ | চাপড়া বিল | গোয়ালগাঁও | ১৬.৩২ | ২১,০২৮/- | |
| ১০ | চাতল বিল | শক্তিয়ারগাঁও | ১৭.৭৭ | ৬,৩৮৪/- | |
| ১১ | ছনুয়া বিল | রাজারগাঁও | ৩.২২ | ১৪,০৯৭/- | |
| ১২ | জলসুন্দা | গনেশপুর | ১৫.২৭ | ২২,৩০১/- | |
| ১৩ | জাহাঙ্গীর ডহর | মঈনপুর | ৬.৯৬ | ২,৫৫৪/- | |
| ১৪ | জল্লার ডুবা | ভূইগাঁও | ০.৯০ | -- | |
| ১৫ | ঝাওয়ার খাড়া | ঝাওয়া | ৩.৪০ | ৬,৮৯৪/- | |
| ১৬ | ডুবির বিল | মানসীনগর | ৩.৭৮ | -- | |
| ১৭ | ডুমার খাল | পীরপুর | ১৫,৭৫ | ১০৫০/- | |
| ১৮ | ডাকবান্দ বুরকি চাতল | চৌকাচক | ৯.৮৭ | ৫,৭১৩/- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৯ | ডেউডেরা বিল | জহিরপুর | ১৪.০৬ | – | |
| ২০ | ডাউকা নদী | মঙ্গনপুর | ৬.৬০ | – | |
| ২১ | তেরাকুড়ি ঠাকুরখালী | লক্ষীপাশা ও রুখুয়া | ১৮.৫৩ | -- | |
| ২২ | দাইড় পুল পুলি ও কান্তার খাল | গনেশপুর | ১৮.০৫ | ৪৩,৩৯৫/- | |
| ২৩ | দুধরা বিল | কেশবপুর | ৩.০০ | ৫,৭৫১/- | |
| ২৪ | দেও চাপড়া বিল-১ | বিহাই | ১৯.৬৮ | ৬,৭০৫/- | |
| ২৫ | নলুয়া বিল | দেবের গাঁও | ৮,৮৫ | ২,২০০/- | |
| ২৬ | নিম্ন উপর গর্জনী | জাহিদপুর | ১৩.৯৩ | ৪৭,৯৫৪/- | |
| ২৭ | পুকরাইল বিল | ঝামক, লক্ষনসোম | ৩.৯৬ | ৬,১৯২/- | |
| ২৮ | পাবিয়া জুড়ি বিল | বুরাইয়া | ১৫.৬৮ | ৫২৫/- | |
| ২৯ | বুরাইগিরি | চরহোসেনপুর | ১৮.৪৫ | ১৪,৮০৮/- | |
| ৩০ | বুকিখালী | টারচৌকা, পাইগাঁও, লক্ষনসোম | ৩.৯৮ | ২০,৮০৫/- | |
| ৩১ | বড় বিল ও বরইখালী বিল | অনন্ত ভৈরব | ১০.৬০ | -- | |
| ৩২ | বাসু বিল বান্দ | ভাতগাঁও | ৪.২৫ | ১,৫৫,৮২২/- | |
| ৩৩ | বলেশ্বর বিল | চিছরাউলী | ১৮.০৭ | ২৩,২৯৪/- | |
| ৩৪ | বৈশাখী খাল | ঝামক | ৬.৭৮ | ৫,৮৭২/- | |
| ৩৫ | ভূলা খালী লম্বা বিল সিংগির বিল | জিয়াপুর | ১৫.৬৮ | -- | |
| ৩৬ | মঙ্গনপুর খাল | মঙ্গনপুর | ১.৭৫ | -- | |
| ৩৭ | রাঙ্গাউটি | রাজারগাঁও | ১১.৭৫ | ১২,৭৪৩/- | |
| ৩৮ | রাঙ্গাদিঘা | পাইগাঁও | ৩.৭৫ | -- | |
| ৩৯ | লেপার দাইড় | ইছাতপুর, লেপা | ৪.৩৬ | -- | |
| ৪০ | শাখাইতির ডহর | ইসলমাবাদ, দঃ সাউদেরগাঁও | ৩.৭৭ | ২,৬০৪/- | |
| ৪১ | সিংগাপই বিল | দেওর গাঁও | ৩.৬৫ | ---- | |
| ৪২ | সিংরাখাই ডাক বান্দ | দেওর গাঁও | ৩.৪১ | ৩,৬৭৫/- | |
| ৪৩ | সোহারা বিল | ধনপুর, সৈয়দেরগাঁও | ১৮.১৫ | ৪৬,২৫৩/- | |
| ৪৪ | হুরুয়া বিল -১ | লক্ষিপাশা | ৪.৭২ | -- | |
| ৪৫ | হুরুয়া বিল-২ | লক্ষিপাশা | ৪.৭২ | ৭,০৫১/- | |
| ৪৬ | বান্দের কোনা বান্দ | কালেশ্বরী | ১৪.৮৪ | ১৮,০৮১/- | |
| ৪৭ | বোকা নদী | রাহুতপুর, পাইগাঁও, সাউদেরগাঁও, কৈতক দিগর, কৈতক, পরশপুর, অনন্ত ভৈরব | ১৯.৭২ | ১,৭২,৫৫৪/- | |
| ৪৮ | গাংগিনা বাগজুর ও ডেঙ্গের খেউ গ্রুপ | ছত্রিশ | ১৪.৩৮ | ১,০৭,২০৯/- | |

## -ঃ শর্তাবলী ঃ-

০১। আবেদনপত্র অনলাইনে দাখিল করতে হবে (www.minland.gov.bd) এবং দাখিলকৃত আবেদন পত্রের প্রিন্ট কপি ও অন্যান্য কাগজাদি নির্ধারিত তারিখের মধ্যে জামানতের মূলকপি সহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ছাতক এ দাখিল করতে হবে।

০২। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতি নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি ব্যাংক একাউন্টে লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের সকল তথ্য/অংক পূরণ করতে হবে এবং অনলাইনে প্রিন্ট কপিতে কোন কাটাকাটি, ঘষা-মাজা গ্রহণ করা হবে না।

০৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি বা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি নির্দিষ্ট তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০৪। সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

০৫। প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবি ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশ গ্রহনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

০৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। তাছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে

তার প্রমাণস্বরুপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্রসহ আবেদনের সাথে বিগত ২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/সমিতির অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

০৭। অনলাইনে আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা ঠিকানাসহ এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা ঠিকানাসহ আপলোড করে আবেদনপত্র দাখিল করতে হবে।

০৮। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতির কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পুর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধের খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল ইজারা প্রদান করা হবে না।

০৯। উপজেলা নির্বাহী অফিসার, ছাতক কর্তৃক বিজ্ঞপ্তিতে অর্ন্তভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনকারীকে তার অনলাইন আবেদনের সাথে দাখিল করতে হবে । লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১০। সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহন করবেন।

১১। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে থাকেন, তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করে জমাকৃত জামানত সরকার অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবি সমিতি/সংগঠন পরবর্তী বছর জলমহাল ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১২। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১৩। সম্পূর্ণ ইজারামূল্য পরিশোধের পর ইজারাগ্রহিতা সমিতি নিজ দায়িত্বে ও ব্যয়ে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় ০২(দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। ইজারাগ্রহিতা সমিতির গাফলতির কারণে জলমহালের দখল প্রদানে বিলম্ব হলে তৎজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।

১৪। ইজারামূল্যের সাথে ইজারামূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% আয়কর ও ১৫% ভ্যাট অতিরিক্ত প্রদান করতে হবে। ১ম বছরের সাকুল্য ইজারামূল্য,ভ্যাট ও আয়কর জমা দিয়ে ইজরাদার সমিতির সভাপতি/সম্পাদক/মনোনীত প্রতিনিধি স্ব-উদ্যোগে কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন। চুক্তিপত্র সম্পাদন ব্যতিরেকে কোন অবস্থাতেই কোন জলমহালের দখল হস্তান্তর করা হবে না। এ ব্যপারে কর্তৃপক্ষের উপর দায় বর্তাবে না।

১৫। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তি সংগত কারণ ব্যতিত সমূদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৬। অনলাইনে আবেদন গ্রহণের তারিখে পর কোন আবেদন দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের সময় খামের উপর উপজেলাসহ জলমহালের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৭। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না।

১৮। অনলাইন আবেদন ফরমের সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিস্ট্রেশন এবং মূসক নিবন্ধন সার্টিফিকেট "মূসক-৮" এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। যে সকল সমিতির মূসক নিবন্ধন নাই তারা আবেদন করতে পারবে না।

১৯। আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী এবং মৎস্যজীবী এই মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষ থেকে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

২০। আবেদন ফরমের সাথে "প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন " এমন অঙ্গিকার নামা ১৫০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে সংযুক্ত করতে হবে।

২১। বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না এবং জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারী কার্যবিধি ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষণের কোন বিধান লংঘিত হয়।

২২। যে সকল জলমহালসমূহ থেকে (নদী, হাওর, খাল ইত্যাদি) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না।যে সকল বদ্ধ জলমহাল বন্দোবস্ত/ইজারা দেয়াহবে, সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনারর সুযোগ থাকবে। এ ব্যপারে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২৩। ইজারা গ্রহীতাকে ইজারা চুক্তির শর্তাবলী এবং জলমহাল ও সরকার কর্তৃক আরোপিত নির্দেশাবলী মেনে চলতে হবে। ইজারা চুক্তির শর্ত লঙ্গন বা নির্দেশনা অমান্যের জন্য ইজারা বাতিল বলে গণ্য হবে।

২৪। বছরের যে কোন সময় ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা পহেলা বৈশাখ ১৪৩০ বাংলা সন হতে কার্যকর হবে।

২৫। অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। সরকার কর্তৃক সকল আদেশ নিষেধ ইজারাগ্রহিতা পালন করতে বাধ্য থাকবেন।

২৬। জলমহাল ইজারা নেয়ার পর কোন সমিতি/সংগঠন জলমহাল ভরাট বা অন্য কোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিন জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশ গ্রহণ করতে হবে।

২৭। মামলা জনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইন সংগত কারণে জলমহাল সমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না।

২৮। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারি আদেশ, জলমহাল ব্যবস্থাপনার সকল সরকারি আদেশ যেগুলো এখানে উল্লেখ করা হয়নি। সেই আদেশের/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ ছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যে কোন আদেশ/নির্দেশ এবং বিধি বিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

২৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩০। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত। যে কোন সময় কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল/ সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

১৫/০১/২৩

মোঃ নুরের জামান চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ছাতক, সুনামগঞ্জ।

স্মারকনং-০৫.৬০.৯০২৩.০০০.০৬.০২৯.২২- ২৭ (৭০)

তারিখ ঃ ১৫/০১/২০২৩ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য ।

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ – ৫।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ ।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।

০৭। মেয়র, ছাতক পৌরসভা, ছাতক, সুনামগঞ্জ।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।

অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে ঃ

০৯। উপজেলা নির্বাহী অফিসার.......................................................(সকল), সুনামগঞ্জ।

১০। সহকারী কমিশনার(ভূমি), ছাতক, সুনামগঞ্জ।

১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

১২। উপজেলা ........................................... অফিসার , ছাতক , সুনামগঞ্জ ।

১৩। অফিসার ইনচার্জ , ছাতক থানা , ছাতক , সুনামগঞ্জ ।

১৪। চেয়ারম্যান ................................................ (সকল) ইউনিয়ন পরিষদ , ছাতক , সুনামগঞ্জ ।

১৫। সম্পাদক, দৈনিক সুনামকণ্ঠ, সুনামগঞ্জ। উক্ত বিজ্ঞপ্তটি আপনার পত্রিকার ভিতরের পাতায় নির্ধারিত তারিখের পূর্বে সীমিত পরিসরে কেবলমাত্র ০১(এক) টি সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা .................................................. ইউনিয়ন ভূমি অফিস, ছাতক। তাকে বিজ্ঞপ্তিটি স্থানীয় বাজারে ঢোলসহরতের মাধ্যমে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।

১৭। জনাব.......................................................................... সদস্য,উপজেলা জলমহাল কমিটি,.ছাতক,.সুনামগঞ্জ।

১৮। অফিস নথি/মাস্টার নথি/নোটিশ বোর্ড।

১৫/০১/২৩

উপজেলা নির্বাহী অফিসার
ছাতক,সুনামগঞ্জ।